(একই স্মারক ও তারিখের প্রতিস্থাপিত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
হোটেল ও রেস্তোরাঁ সেল
www.mocat.gov.bd

স্মারক নং- স্মারক নং- ৩০.০০.০০০০.০২০.০৬.০২১.২০০৮.**২৮৭**

তারিখ: ২৪ অগ্রায়ণ ১৪৩২ / ০৯ ডিসেম্বর ২০২৫

বিষয়: রোজ ভিউ হোটেল, প্লট নং-২, ব্লক-ডি, শাহজালাল উপশহর, সিলেট এর ০৪ (চার) তারকামান হোটেল লাইসেন্স নবায়ন।

সূত্র: হোটেল কর্তৃপক্ষের গত ১৩.১১.২০২৫ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ আবেদনের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ আইন, ২০১৪ এর ধারা ১২(৪) এবং বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা, ২০১৬ এর ৫(২)(ক) বিধি মোতাবেক রোজ ভিউ হোটেল, প্লট নং-২, ব্লক-ডি, শাহজালাল উপশহর, সিলেট এর ০৪ (চার) তারকামান হোটেলের লাইসেন্স ০১.০১.২০২৬ খ্রি. তারিখ হতে আগামী ৩১.১২.২০২৮ খ্রি. তারিখ পর্যন্ত যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নোক্ত শর্তে নবায়ন করা হলো:

ক। বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা, ২০১৬ (সংশোধিত-২০১৯)-এর বিধিমালার তফসিল-১ এর [(বিধি ৪(১) ও ৭(১)] এর ১৩, ৩৩নং ক্রমিক অনুযায়ী পার্কিং-এর জায়গা ও সুইমিং পুল প্রসস্থ করতে হবে। এছাড়া হোটেলটির কিছু কিছু অংশ সংস্কার করতে হবে;

খ। আগামী ৩১.১২.২০২৮ খ্রি. তারিখ পর্যন্ত এ লাইসেন্সের মেয়াদ বলবৎ থাকবে। আগামী ৩১.১২.২০২৮ খ্রি. তারিখের তিন মাস পূর্বে অর্থাৎ ৩০.০৯.২০২৮ খ্রি. তারিখের মধ্যে পরবর্তী নবায়নের জন্য আবেদন করতে হবে;

গ। বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ আইন, ২০১৪, বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা, ২০১৬ এবং বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ বিধিমালা (সংশোধিত), ২০১৯ অনুসরণ করে ব্যবসা পরিচালনা করতে হবে;

ঘ। সকলের দৃষ্টিগোচর হয় এমন স্থানে লাইসেন্সটি টানিয়ে রাখতে হবে; এবং

ঙ। সরকার কর্তৃক সময় সময় প্রদত্ত নির্দেশনা মেনে ব্যবসা পরিচালনা করতে হবে।

০৯/১২/২০২৫

শেখ রাশেদউজ্জামান
সহকারী নিয়ন্ত্রক (সিনিয়র সহকারী সচিব)
ফোন: ০২৫৫১০০৭১৪
dshotelcell@mocat.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক
রোজ ভিউ হোটেল
প্লট নং-২, ব্লক-ডি, শাহজালাল উপশহর, সিলেট

স্মারক নং- স্মারক নং- ৩০.০০.০০০০.০২০.০৬.০২১.২০০৮.**২৮৭/১(৭)**

তারিখ: ২৪ অগ্রায়ণ ১৪৩২ / ০৯ ডিসেম্বর ২০২৫

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। বিভাগীয় কমিশনার, সিলেট;
০২। জেলাপ্রশাসক, সিলেট;
০৩। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়;
০৪। প্রোগ্রামার, আইসিটি সেল, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৫। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়;
০৬। ব্যক্তিগত কর্মকর্তা নিয়ন্ত্রক, এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়; এবং
০৭। অফিস কপি।

০৯/১২/২০২৫

শেখ রাশেদউজ্জামান